

১) বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখো :

১.১) মহীসঞ্জন তত্ত্বটির প্রবক্তা হলেন—

(ক) মর্গ্যান

(খ) পির্চো

(গ) পার্কার

(ঘ) ওয়েগনার

**উত্তর:** মহীসঞ্জন তত্ত্বটির প্রবক্তা হলেন— (ঘ) ওয়েগনার।

১.২) দক্ষিণ আমেরিকা মহাদেশের আন্দিজ পর্বত সৃষ্টি হয়েছে—

(ক) মহাদেশীয়-মহাদেশীয় পাতের সংঘর্ষে

(খ) মহাদেশীয়-মহাসাগরীয় পাতের সংঘর্ষে

(গ) মহাসাগরীয়-মহাসাগরীয় পাতের সংঘর্ষে

(ঘ) মহাদেশীয়-মহাদেশীয় পাতের পরস্পর বিপরীতমুখী চলনে

**উত্তর :** দক্ষিণ আমেরিকা মহাদেশের আন্দিজ পর্বত সৃষ্টি হয়েছে — (খ) মহাদেশীয়-মহাসাগরীয় পাতের সংঘর্ষে।

১.৩) সমুদ্র তলদেশে ভূমিকম্পের ফলে যে প্রবল ক্ষমতাসম্পন্ন উঁচু ঢেউ উপকূলে আছড়ে পড়ে তাকে বলে —

(ক) গাইজার

(খ) ম্যাগমা

(গ) সুনামি

(ঘ) অগ্নম

**উত্তর :** সমুদ্র তলদেশে ভূমিকম্পের ফলে যে প্রবল ক্ষমতাসম্পন্ন উঁচু ঢেউ উপকূলে আছড়ে পড়ে তাকে বলে — (গ) সুনামি।

২.১) 'ক' স্তম্ভের সঙ্গে মেলাও : ১x৩=৩

'ক' স্তম্ভ	'খ' স্তম্ভ
২.১.১) গঠনকারী পাতসীমানা	১) মৃত আগ্নেয়গিরি
২.১.২) পাহা়েহা়ে	২) পরস্পর বিপরীতমুখী পাতের চলন
২.১.৩) মাউন্ট পা়েপা	৩) লাভা

**উত্তর:**

'ক' স্তম্ভ	'খ' স্তম্ভ
------------	------------

২.১.১) গঠনকারী পাতসীমানা	২) পরস্পর বিপরীতমুখী পাতের চলন
২.১.২) পাহােহাে	৩) লাভা
২.১.৩) মাউন্ট পােপা	১) মৃত আগ্নেয়গিরি

২.২) একটি বা দুটি শব্দে উত্তর দাও :  $১ \times ২ = ২$

২.২.১) কোন পাতসীমানায় ভূত্বকের ধ্বংস বা সৃষ্টি হয় না?

উত্তর: নিরপেক্ষ পাতসীমানায় ভূত্বকের ধ্বংস বা সৃষ্টি হয় না।

২.২.২) কোন ভূকম্প তরঙ্গ পদার্থের তিনটি অবস্থার মধ্য দিয়েই প্রবাহিত হয়?

উত্তর: প্রাথমিক ভূকম্প তরঙ্গ পদার্থের তিনটি অবস্থার মধ্য দিয়ে প্রবাহিত হয়।

৩) নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও :  $২ \times ২ = ৪$

৩.১) অভিসারী পাতসীমানাকে বিনাশকারী পাতসীমানা বলা হয় কেন?

উত্তর: যখন দুটি পাত পরস্পরের অভিমুখে অগ্রসর হয়ে সংঘর্ষে লিপ্ত হয়, তখন তাকে অভিসারী পাত সীমানা বলে। যেহেতু, এই পাত সীমানায় একটি পাত (ভারী পাতটি) নিম্নমুখী হয়ে অন্যটির নীচে প্রবেশ করে এবং প্রচণ্ড উষ্ণতায় গলে যায়, তাই একে বিনাশকারী পাত সীমানা বলে।

৩.২) ভূমিকম্পের কেন্দ্র ও উপকেন্দ্রের মধ্যে পার্থক্য নিরূপণ করো।

উত্তর:

৪) নীচের প্রশ্নটির উত্তর দাও :  $৩ \times ১ = ৩$

‘প্রশান্ত মহাসাগর অগ্নিবলয়’ ভূমিকম্পপ্রবণ কেন?

উত্তর:

৫) নীচের প্রশ্নটির উত্তর দাও :  $৫ \times ১ = ৫$

কীভাবে দুটি পাতের সংঘর্ষে ভঙ্গিল পর্বতের সৃষ্টি হয় তা চিত্রসহ ব্যাখ্যা করো।

উত্তর: